

শ্রীশ্রীহরি সঙ্গীত

৫

- ৭। গোলোক পুলক চিত্ত, হরি প্রেমাস্থিতরে।
হীরামন মনোহরা, ভক্তমন পূতরে।।
৮। শ্রীগুরুচাঁদের বাণী, প্রভাতে জীব জাগরে।
দীন হীন অশ্বিনী দৈন্য, (হরি) পদরজ মাঙ্গরে।

৫ নং তাল-একতালা

জয় হরি শ্রীহরিচাঁদের জয়।

জয় যশোমন্ত, রামকান্ত, অন্নপূর্ণা মাতার জয়।।

১। জয় শ্রীকৃষ্ণদাস, জয় শ্রীবৈষ্ণবদাস, গৌরীদাসের জয়।

জয় স্বরূপচন্দ্র, *বিশ্বনাথ, ব্রজ নাটুর জয় জয়।।

২। জয় শ্রীগুরুচাঁদ, হৃদয় আকাশে চাঁদ হও এসে উদয়।

দিয়া পদারবিন্দ, কৃপাসিন্ধু কৃপাকর কৃপাময়।

৩। জয় শ্রীগোলোকচাঁদ, জয় শ্রীবদনচাঁদ, রাম ভরতের জয়।

জয় লোচনচন্দ্র, শ্রীগোবিন্দ হীরামনের জয় জয়।

৪। জয় শ্রীদশরথ হরিচাঁদের ভকত, মৃত্যুঞ্জয়ের জয়।।

জয় তারকচন্দ্র মহানন্দ, রামচরণ ক্ষেপার জয় জয়।

৫। শ্রীহরির ভক্তগণ, বন্দি সবার চরণ, আনন্দ হৃদয়।

এবার দয়া করি, দয়াল হরি, রেখ মোরে রাস্তাপায়।।

৬ নং তাল-একতালা

আনন্দে লওরে মধুর হরি নাম,

হরি নাম সুধাপানে, প্রেম তুফানে, ঢেউ খেলাও মন অবিশ্রাম।।

* বিশ্বনাথ, ব্রজনাথ ও নাটু পূর্ণব্রহ্ম শ্রীশ্রীহরিচাঁদের বাল্য সহচর।